



ঃ বিজ্ঞপ্তি ঃ

অত্র বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরাধীন চট্টগ্রাম, খাগড়াছড়ি, বান্দরবান ও কক্সবাজার জেলায় বন্যার পানি প্রবেশ করে জলাবদ্ধতার সৃষ্টি হওয়ায় সকল সরকারি-বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের স্বাভাবিক পাঠদান কার্যক্রম জারিকৃত স্মারক নং: ৩৭.০২.০০০০.১০১.২৩.০০৩.২২-১৩৭২৮/১০; তারিখ: ০৮/০৮/২০২৩ খ্রি. মূলে আগামী ০৯/০৮/২০২৩ ও ১০/০৮/২০২৩ খ্রি. বন্ধ রাখার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। উক্ত নির্দেশনা অনুসরণে বর্ণিত তারিখসমূহে এ বিশ্ববিদ্যালয়ের পূর্বঘোষিত পরীক্ষাসহ সকল একাডেমিক কার্যক্রম বন্ধ ঘোষণা করা হলো। তবে, জরুরি সেবা যেমন- নিরাপত্তা শাখা, মেডিক্যাল সেন্টার, প্রকৌশল দপ্তরসহ বিশ্ববিদ্যালয়ের চলমান নির্মাণ কাজের তদারকি, জরুরি মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজে যাতে অসুবিধা না হয়, সে বিষয়ে স্ব-স্ব অফিস/শাখা প্রধানগণ যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন। উল্লেখ্য যে, বর্ণিত তারিখের পরীক্ষাসমূহের সময়সূচি পরবর্তীতে স্ব-স্ব বিভাগ থেকে ঘোষণা করা হবে।

উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে,

//স্বাক্ষরিত//

(অধ্যাপক ড. শেখ মোহাম্মদ হুমায়ুন কবির)

রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

স্মারক নং-চুয়েট/একা-৪৪/পার্ট-২/৩৭৮(১২)

তারিখ: ০৮/০৮/২০২৩ খ্রি.

- ১। সকল ডিন/সকল পরিচালক/বিভাগীয় প্রধান/সেন্টার চেয়ারম্যান/অফিস প্রধান/শাখা প্রধান, চুয়েট (আপনার অফিসের সকলকে অবহিতকরণের অনুরোধ সহকারে)।
- ২। পরিচালক, আইআইসিটি, চুয়েট (বিজ্ঞপ্তিটি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহকারে)।
- ৩। পরিচালক, ছাত্রকল্যাণ দপ্তর, চুয়েট (সংশ্লিষ্ট বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহকারে)।
- ৪। সকল হল প্রভোস্ট, চুয়েট।
- ৫। পরীক্ষা নিয়ন্ত্রক, চুয়েট (সংশ্লিষ্ট বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহকারে)।
- ৬। সভাপতি, যানবাহন পরিচালনা ও ব্যবস্থাপনা কমিটি, চুয়েট।
- ৭। নিরাপত্তা উপদেষ্টা, চুয়েট (সংশ্লিষ্ট বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহকারে)।
- ৮। প্রধান প্রকৌশলী, চুয়েট (সংশ্লিষ্ট বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহকারে)।
- ৯। ডেপুটি রেজিস্ট্রার, একাডেমিক ও ছাত্র-বৃত্তি শাখা, চুয়েট (সংশ্লিষ্ট বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহকারে)।
- ১০। উপ-পরিচালক (তথ্য ও প্রকাশনা), চুয়েট (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১১। সকল বিজ্ঞপ্তি ফলক, চুয়েট।
- ১২। সংরক্ষণ নথি।

//স্বাক্ষরিত//

(মুহাম্মদ রাশেদুল ইসলাম)

সহকারী রেজিস্ট্রার (সমন্বয়)

উপাচার্য মহোদয়ের দপ্তর

চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।